



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাইলঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখ: ১৪.০৪.২০১৭ খ্রি:

## ব্যক্তিগতি আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে বর্ষবরণ উৎসব ১৪২৪ উদ্যাপন

বাঙালীর হাজার বছরের ঐতিহ্য বাংলা নববর্ষকে একটু ভিন্নধর্মী ও চমকপ্রদ উপায়ে উদ্যাপন করল বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার। বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের অভিভাবক বিশিষ্ট শিক্ষাবিদ উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক বরাবরই সৃষ্টিশীল ও উদ্যমী ব্যক্তি, যাঁর প্রমাণ তিনি বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে রেখেছেন। আজ ১লা বৈশাখ ১৪২৪ তিনি যে উদ্যোগটি নিয়েছেন তা বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারসহ দেশবাসীর কাছে অনুকরণীয়। ববি শিক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে সম্প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৫২ সিটের একটি নতুন টাটা কোম্পানির বাস ক্রয় করে। নিয়মানুযায়ী বাসটি উদ্বোধন করার কথা উপাচার্য মহোদয়ের। কিন্তু এখানেই ঘটল ব্যতোরণ। প্রচলিত প্রথা ভেঙে তিনি বরিশাল বিশ্ববিদ্যালয় থেকে সদ্য বের হওয়া গ্রাজুয়েটদের মধ্যে যারা সর্বোচ্চ নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছেন এ রকম ৩ জন কৃতি শিক্ষার্থী ব্যবস্থাপনা বিভাগে ১ম স্থান অর্জনকারী তাঁর দেবনাথ, ২য় স্থান অর্জনকারী অলি রানী দে এবং সমাজবিজ্ঞান বিভাগে ১ম স্থান অর্জনকারী আয়োশা আকতার এর হাত দিয়ে ফিতা কেটে নতুন এ বাসটির উদ্বোধন করালেন। উপস্থিতি শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা বিষয়টি অবাক দৃষ্টিতে অবলোকন করলেন এবং উপাচার্য মহোদয়ের এ ব্যক্তিগত উদ্যোগের ভূয়শী প্রশংসন করলেন। বাস উদ্বোধনের পর এক প্রতিক্রিয়া উপাচার্য মহোদয় বলেন, এ বাসটি আপনাদের সম্পদ, এ বাসে চড়ে আপনারা বিশ্ববিদ্যালয়ে আসা যাওয়া করবেন। আর তাই আপনাদেরকে দিয়েই এ বাসটির শুভ উদ্বোধন করালাম। কেননা আমরা এ বিশ্ববিদ্যালয়ের সেবক মাত্র, সরকার আমাদেরকে একটি নির্দিষ্ট মেয়াদের জন্য আপনাদেরকে সেবাদান ও পরিচালিত করার জন্য প্রেরণ করেন মাত্র। এ সময় আরও উপস্থিতি ছিলেন ট্রেজারার, ডিনবৃন্দ, প্রক্টর, প্রকল্প পরিচালক, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধান, পরিচালকগণ, ববি শিক্ষক সমিতির সভাপতি-সাধারণ সম্পাদক, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী ও দণ্ডুর প্রধান সহ অন্যান্যরা। এদিকে বাংলা নববর্ষ ১৪২৪ উদ্যাপন উপলক্ষে ১ লা বৈশাখ সকাল ৯ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের নেতৃত্বে এক বর্ণাত্য মঙ্গল শোভাযাত্রা বের করা হয়। উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক ও ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এর উপস্থিতিতে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্যের অংশগ্রহণে প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে বর্ণাত্য মঙ্গল শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয় সংলগ্ন বরিশাল-পটুয়াখালী-ভোলা মহাসড়ক প্রদক্ষিণ শেষে বিশ্ববিদ্যালয়ের মুক্তমণ্ডে এসে শেষ হয়। র্যালিল প্রারম্ভে প্রতিটি বিভাগের শিক্ষার্থীদের জন্য ছিল বাঙালীর চিরাচরিত ঐতিহ্যের ধারক ও বাহক হিসেবে মুড়ি মুড়কীর প্যাকেটের ব্যবস্থা। বর্ষবরণ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে ২০টি বিভাগের উদ্যোগে দিনব্যাপী বৈশাখী মেলা অনুষ্ঠিত হয়, যেখানে ফুটিয়ে তোলা হয় আবহান বাংলার লোকজ ও গ্রামীণ সংস্কৃতির ঐতিহ্যকে। উপাচার্য ও ট্রেজারার মহোদয় এসময় মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন। এছাড়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের আয়োজনে সকাল ১০ টা থেকে ১২ টা ও দুপুর ২ টা থেকে ৫টা পর্যন্ত বিভিন্ন বিভাগের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও ববি ডিবেটিং সোসাইটির আয়োজনে আঝগলিক ভাষায় এক রম্য বিতর্ক প্রতিযোগিতারও আয়োজন করা হয়। বর্ষবরণের এ আয়োজন দর্শকসারিতে বসে অন্যান্যদের সাথে উপভোগ করেন উপাচার্য মহোদয়ের সহধর্মীনি মন্তি ইয়াম হক। উল্লেখ্য গত বছরের ন্যায় এ বছরও বরিশাল বিশ্ববিদ্যালয়ের বর্ষবরণ উৎসবে পাত্তা ইলিশের কোন আয়োজন ছিল না। বর্ষবরণের অনুষ্ঠান সুষ্ঠ ও সুন্দর ভাবে সম্পন্ন হওয়ায় উপাচার্য মহোদয় শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী, পুলিশ প্রশাসন সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রাহমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়  
[b.university.pro@gmail.com](mailto:b.university.pro@gmail.com)